গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৫ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৫.১৪৭(এ).২১- ১৯৫১

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪৩০ / ২৬ নভেম্বর ২০২৩

প্রেরক : তানজিলা খানম
উপসচিব।

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয় : বরিশাল জেলার হিজলা উপজেলাধীন সরকারিকৃত হিজলা ডিগ্রি কলেজ -এর জন্য বিভিন্ন ক্যাটাগরির ২১ (একুশ) টি পদ সৃজন।

মহোদয়,

আদিষ্ট হয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মে ২০০৩ তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশের পরিপ্রেক্ষিতে বরিশাল জেলার হিজলা উপজেলাধীন সরকারিকৃত হিজলা ডিগ্রি কলেজ -এর জন্য শিক্ষক-কর্মচারীর নিম্নবর্ণিত ২১ (একুশ) টি পদ বর্ণিত শর্তে রাজস্বখাতে অস্থায়ীভাবে ০৮ আগস্ট ২০১৮ তারিখ হতে ৩১ মে ২০১৯ তারিখ পর্যন্ত সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমিক | পদের নাম, বিষয় ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল'১৫ অনুযায়ী) | শর্ত/ভিত্তি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১) | প্রভাষক (নন-ক্যাডার)<br>ইংরেজি-০৪ (চার) টি<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-০১ (এক) টি<br>ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-০৪ (চার) টি<br>ইসলামী শিক্ষা-০১ (এক) টি<br>হিসাববিজ্ঞান-০৩ (তিন) টি<br>রাষ্ট্রবিজ্ঞান-০৩ (তিন) টি<br>সমাজকর্ম-০১ (এক) টি<br>উপমোট পদ-১৭ (সতেরো) টি | ৳ ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | নন-ক্যাডার (সাধারণ শিক্ষা) নিয়োগবিধির অবর্তমানে বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর তফসিলের ১৩ ক্রমিকে উল্লেখিত শর্তের ন্যায় নিয়োগ যোগ্যতা অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ২) | কম্পিউটার ল্যাব অ্যাসিসটেন্ট<br>০১ (এক) টি | ৳ ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ৫১ নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৩) | অফিস সহায়ক<br>০২ (দুই) টি | ৳ ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ৬০ নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| ৪) | নিরাপত্তা প্রহরী<br>০১ (এক) টি | ৳ ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০২১ এর তফসিল-১ এর ৬৭ নং ক্রমিকে উল্লিখিত শর্ত অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| | **বেতনগ্রেড নির্ধারণকৃত সর্বমোট পদ=২১ (একুশ) টি** | | |

শর্তসমূহ

১) বর্ণিত পদের ব্যয় সংশ্লিষ্ট অর্থ বছরের বাজেট বরাদ্দের কোড নং ১২৫০২০৭০০০০০০-৩১১১-১০১-২০১-৩০২-৩০৬-৩০৯-৩১০-৩১১-৩১৪-৩১৬-৩২৫-৩২৭-৩২৮-৩৩৫-৩৩৮ খাত হতে নির্বাহ করা হবে;

২) এ শিক্ষা প্রতিষ্ঠানের কোনো আত্তীকৃত শিক্ষককে অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠানে বদলি করা যাবে না;

৩) অফিসের বিদ্যমান টিওএন্ডই'তে নতুন সৃজিত পদগুলি স্থায়ী/অস্থায়ী হিসেবে অন্তুর্ভক্ত করে টিওএন্ডই হালনাগাদ করতে হবে;

৪) 'আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮' তে উল্লিখিত সেবা তালিকার অন্তর্ভুক্ত আয়া ও নিরাপত্তা প্রহরী পদে বর্তমানে কর্মরত কর্মচারীর পদত্যাগ/অবসর/বরখাস্ত/ মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হয়ে যাবে। উক্ত সেবা অত্যাবশ্যক হলে আউটসোর্সিং প্রক্রিয়ার সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুসারে ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৫) প্রাপ্যতার অধিক পদে কর্মরত শিক্ষক/কর্মচারীর ক্ষেত্রে পদত্যাগ/অবসর/বরখাস্ত/মৃত্যুজনিত কারণে পদ শূন্য হলে শূন্য হওয়ার তারিখ থেকে উক্ত পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে। প্রশাসনিক মন্ত্রণালয় এ সংক্রান্ত আদেশ জারি করবে এবং পদ বিলুপ্তকরণের আদেশের অনুলিপি জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;

৬) শিক্ষক কর্মচারীদের আত্তীকরণের ক্ষেত্রে বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করতে হবে;

৭) যে সব পদ নিয়োগ বিধিতে নেই সে সকল পদ নিয়োগ বিধিতে অন্তর্ভুক্ত করতে হবে;

৮) শিক্ষক ও অশিক্ষক কর্মচারীগণকে আত্তীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় যাবতীয় তথ্যাদি/ কাগজপত্রের সত্যতা ও গ্রহণযোগ্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে প্রশাসনিক মন্ত্রণালয় পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।

২। উল্লিখিত পদের ব্যয় ভার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট অর্থ বছরের নির্ধারিত খাত হতে বহন করা হবে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫ জানুয়ারি ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৫৫.১৫.০০৬.২১.২২, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৫৩.১৫.০৮৫.২১-১৫৭, অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ২২ মার্চ ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৩৭.০০৪.২৩.১৩৬ এবং মন্ত্রিপরিষদ বিভাগের (প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখা) ৩১ অক্টোবর ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০২৩.২৩.২১০ ও ০৬ জুন ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০১৭.২৩.৮২ সংখ্যক স্মারকের সম্মতির পরিপ্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,

TKhanom
২৬/১১/২০২৩

(তানজিলা খানম)
উপসচিব
ফোন : ৫৫১০০৪৩২
ই-মেইল : college.sec5@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৫.১৪৭(এ).২১- ১৩৫১

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪৩০ / ২৬ নভেম্বর ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (৩ কপিসহ) অর্থ বিভাগে প্রেরণ করা হলো। অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৫৩.১৫.০৮৫.২১-১৫৭ সংখ্যক পত্রের মাধ্যমে পদসমূহ সৃজনের বিষয়ে সম্মতি জ্ঞাপন করেছে। এ সৃজনাদেশ পৃষ্ঠাঙ্কন করে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা-এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

TKhanom
২৬/১১/২০২৩
(তানজিলা খানম)
উপসচিব

নম্বর- ০৭.০০.০০০০.১৫৩.১৯.০৮৫.২২.২০৬৪ তারিখ: ২৯/১১/২০২৩

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা- এর নিকট প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

২৯/১১/২০২৩
সিনিয়র সহকারী সচিব
ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৩
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
দেবাংশু কুমার সিংহ
সিনিয়র সহকারী সচিব

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.১৫.১৪৭(এ).২১-১৩৫১

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪৩০ / ২৬ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ)।
০৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষামন্ত্রণালয়, ঢাকা।
০৬) উপসচিব (সরকারি কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৭) উপসচিব (সরকারি কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৮) উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৯) সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
(এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০) সচিব মহোদয়-এঁর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১) অধ্যক্ষ, হিজলা ডিগ্রি কলেজ, হিজলা, বরিশাল।
১২) অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩) অফিস কপি।

২৬/১১/২০২৩
(তানজিলা খানম)
উপসচিব